**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19–04–2024**
**Time: 08:00-08:15 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম পর্বের ভোট গ্রহণ আজ শেষ হয়েছে ।**

**(২) পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ শান্তিপূর্ণ ।**

**(৩) শেষ খবর পাওয়া পর্যন্ত পশ্চিম আসনে ভোট পড়েছে ৮০ শতাংশেরও বেশি এবং রামনগর বিধানসভার উপনির্বাচনে ৭০ শতাংশেরও বেশি ভোট পড়েছে।**

**(৪) পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে নির্বাচনী প্রচার তেজী ।**

*******************************************

**Loksabha 1st Phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম পর্বের ভোট গ্রহণ আজ শেষ হয়েছে। আজ সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ১৭টি রাজ্য ও ৪টি কেন্দ্র শাসিত অঞ্চলের ১০২টি লোকসভা আসনের জন্যে ভোট গ্রহণ করা হয়।

আজ অরুণাচল প্রদেশে দু'টি, আসামে ৫টি, বিহারে ৪টি, মধ্যপ্রদেশে ৬টি, মহারাষ্ট্রে ৫টি, মনিপুর ও মেঘালয়ে দুটি করে

আসনে ভোট গ্রহণ করা হয়। তাছাড়া রাজস্থানে ১২টি, তামিলনাড়ুতে ৩৯টি, উত্তরপ্রদেশে ৮টি, উত্তরাখণ্ডে ৫টি, পশ্চিমবঙ্গে ৩টি, দাদরা নগর হাভেলি, দমন দিউতে দু'টি করে এবং দিল্লিতে ৭টি আসনে প্রথম দফায় ভোটগ্রহণ করা হবে। ত্রিপুরা, ছত্রিশগড়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম, আন্দামান নিকোবর, চন্ডিগড়, লাদাখ, লাক্ষাদ্বীপ ও পুদুচেরিতে একটি করে আসনে আজ ভোট নেয়া হয়।

******************************

**Election-West Tripura & Ramnagar :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ পর্ব বিকেল ৫টা পর্যন্ত শান্তিপূর্ণভাবেই সম্পন্ন হয়। তবে কয়েকটি কেন্দ্রে লাইন বড় হওয়ায় এবং রামনগরে লোকসভা ও বিধানসভা কেন্দ্রের উপনির্বাচ্নেব্র ভোট একসঙ্গে হওয়ায় এখনো ভোট গ্রহণ চলছে। শেষ খবর পাওয়া পর্যন্ত পশ্চিম আসনে ভোট পড়েছে ৮০ শতাংশেরও বেশি এবং রামনগর বিধানসভার উপনির্বাচনে ৭০ শতাংশেরও বেশি ভোট পড়েছে।

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে আজ ৯ জন প্রার্থী যাদের ভাগ্য নির্ধারণ করা হবে। তারা হলেন বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেসের আশিস কুমার সাহা, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া-(এ)র আইনজীবী অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, নির্দল প্রার্থী গৌরী শংকর নন্দী, মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং, বলরাম দেববর্মা ও ব্রজলাল দেবনাথ। তাছাড়া রামনগর বিধানসভা

কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বিজেপি প্রার্থী দীপক মজুমদার ও ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রতন দাস।

********************************

**Manipur :**

মণিপুরে আজ লোকসভা নির্বাচনের প্রথম দফার ভোটগ্রহণ শান্তিপূর্ণ ভাবে শেষ হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ইনার মণিপুর আসনে ৭২.৩২% এবং আউটার মণিপুর আসনে ৬১.৯৮% ভোট পড়েছে।

************************

**Returning Officer :**

লোকসভার পশ্চিম ত্রিপুরা আসনের রিটার্নিং অফিসার জেলাশাসক ডা: বিশাল কুমার জানিয়েছেন আজ প্রথম পর্যায়ের ভোট অবাধ এবং শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। ভোটকে কেন্দ্র করে কোন হিংসাত্মক ঘটনার খবর নেই। আইনশৃঙ্খলা জনিত কোন ঘটনা ঘটেনি। তবে ভোটে বাধা দান, পোলিং এজেন্টকে বুথে ঢুকতে না দেওয়া সংক্রান্ত বিষয়ে বিভিন্ন দলের পক্ষ থেকে ১৫ টি অভিযোগ জমা পড়েছে। তিনি জানান, বেশিরভাগ অভিযোগ এসেছে এই আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল রায় এবং ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকে। বেশিরভাগ অভিযোগই রামনগর, বড়দোয়ালী এবং আগরতলা কেন্দ্রের ভোট গ্রহণ নিয়ে। অভিযোগগুলি সঙ্গে সঙ্গে খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে ডা: বিশাল কুমার আকাশবাণীকে জানান।

****************************

**Vote-Border :**

গণতন্ত্রের উৎসবে সামিল হয়েছিলেন ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের কাঁটাতারের বেড়ার ওপারে থাকা ভারতীয় ভোটাররা। সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার সীমান্ত এলাকার কিছু পরিবার কাঁটাতারের ওপারের দেড়শো গজের মধ্যে থাকা ভারত ভূখণ্ডের বাসিন্দা। ভোট চলাকালীন সময়ে বি.এস.এফের সহায়তায় সীমান্ত গেট দিয়ে এসে তারা ভোটকেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করেন। ভোট গ্রহণ চলাকালীন সময়ে চিত্র ধরা পড়েছে বক্সনগর বিধানসভা কেন্দ্রের U.N.C নগর এলাকার ১০ নম্বর সীমান্ত গেট এলাকায়। কাঁটাতারের বেড়ার ওপারে এই এলাকাটিতে প্রায় ৩৫টি পরিবার রয়েছে।

******************************

**Third Gender :**

সরকারের কাছে স্থায়ী বাসস্থানের আবেদন জানালেন তৃতীয় লিঙ্গের ভোটাররা। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিভিন্ন বিধানসভা কেন্দ্রের তৃতীয় লিঙ্গের ভোটাররাও এবার ব্যাপক ভাবে সামিল হয়েছেন দেশের বৃহত্তম গনতান্ত্রিক প্রক্রিয়ায়। প্রতাপগড় বিধানসভায় একসাথে তৃতীয় লিঙ্গের ভোটাররা ঋষি কলোনী স্কুলের ভোট গ্রহন কেন্দ্রে সারিবদ্ধ ভাবে নিজেদের অধিকার প্রয়োগ করেন। পরে আকাশবাণী প্রতিনিধিকে জানান, "সবার সাথে তারাও ভোটাধিকার প্রয়োগ করতে পেরে ভীষন খুশী। নতুন কেন্দ্রীয় সরকারের প্রতি তারা নতুন স্থায়ী বাসস্থানের জন্য আবেদন জানান"। উল্লেখ্য পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ৫৬ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন।

***************************

**Vote-Sepahijala :**

সিপাহীজলা জেলার ৩টি মহকুমার ৯টি বিধানসভা কেন্দ্রে বিকাল ৫টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ করা হয়। জেলার ৩টি মহকুমার ৪৭৬টি বুথ কেন্দ্রে সকাল ৭টা থেকে ভোট গ্রহণ শুরু হলেও কিছু কিছু ভোট কেন্দ্রে EVM -এ গোলযোগ দেখা দেয়। নতুন EVM-এর ব্যবস্থা করে ঐ সমস্ত কেন্দ্রে ভোট গ্রহণ শুরু হয়। প্রথম বারের মতো ভোট দিতে পারায় এই জেলার নবীন ভোটারদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়। ভোট কেন্দ্রে ভোট গ্রহণ শেষ হবার পর ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে নির্ধারিত সেন্টারে পৌঁছুতে শুরু করেছেন। সিপাহীজলা জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসক নাগেশ কুমার বি আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে জানিয়েছেন ভোটের নির্ধারিত সময় বিকেল ৫টা পর্যন্ত গোটা সিপাহীজলা জেলায় ভোট পড়েছে ৮০ দশমিক ৭৩ শতাংশ। দীর্ঘ লাইন থাকায় এই জেলার ১৫টি ভোট কেন্দ্রে নির্ধারিত সময়ের পরেও ভোট গ্রহণ করা হয়। ভোট গ্রহণ ঘিরে এই জেলায় কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি বলে জানিয়েছেন জেলা নির্বাচনী আধিকারিক।

*****************************

**BJP Press Meet :**

বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য বলেছেন, উৎসাহ, উদ্দীপনা ও স্বতঃস্ফূর্ততার সঙ্গে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও রামনগর বিধানসভা উপনির্বাচন সংঘটিত হয়েছে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।

ইন্ডিয়া জোটের আনা অভিযোগের পরিপ্রেক্ষিতে তিনি বলেন মানুষকে বিভ্রান্ত করতে এই রকম অপপ্রচার চালানো হচ্ছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী ও দলের সহ সভাপতি ডঃ অশোক সিনহা।

*****************************

**INDIA Press Meet :**

ইন্ডিয়া জোটের প্রার্থী আশীষ কুমার সাহা বলেছেন, লোকসভা নির্বাচনকে কার্যত প্রহসনে পরিণত করেছে শাসকদল বিজেপি। আজ ভোট পর্ব সম্পন্ন হওয়ার পর সাংবাদিক সম্মেলনে তিনি এই অভিযোগ করেন। তিনি অভিযোগ করেন শাসক দলের আশ্রিত দুষ্কৃতীরা বিরোধীদের ভোটদানে বাধা দেওয়ার পাশাপাশি তাদের ভোটদানে বাধা সৃষ্টি করেছে। এই ব্যাপারে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়ে ছিল ইন্ডিয়া জোটের একটি প্রতিনিধি দল। সাংবাদিক সম্মেলনে বামফ্রন্টের আহ্বায়ক  নারায়ণ কর এত বাধা বিপত্তি সত্ত্বেও গণদেবতাদের ভোটদান করার জন্য তাদের ধন্যবাদ জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন অভিযোগ করেছেন মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দান করতে পারেনি। তাই পুনরায় ভোট গ্রহণের দাবি জানিয়েছেন তিনি।সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন রামনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের সিপিআইএম প্রার্থী রতন দাস, সিপিআইএম নেতা মানিক দে প্রমূখ।।

****************************

**Jitendra Choudhury :**

বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী অভিযোগ করেন, বহু ভোট কেন্দ্রে ইন্ডিয়া জোটের পোলিং এজেন্টদের বাধা দিয়েছে শাসক দলের কর্মীরা। তবে বহু স্থানে বাধা বিপত্তি উপেক্ষা করে ভোটাররা ভোট দিয়েছেন।

*************************

**New Voter :**

দেশের গনতন্ত্রের বিশাল এই কর্মযজ্ঞে প্রথম বারের সমিল হতে পেরে আবেগে আপ্লুত নতুন ভোটাররা। আকাশবাণীর প্রতিনিধির কাছে প্রতিক্রিয়ায় এমনটাই জানিয়েছেন তারা। বড়দোয়ালী বিধানসভার কেন্দ্রের নতুন ভোটার অভিনব চৌধুরী বলেন, "এতোদিন শুনতাম, এবার এই প্রক্রিয়ায় সামিল হয়ে ভীষণ খুশী"। একই বিধানসভা কেন্দ্রের ভোটার অভিশ্রুতি চৌধুরী বলেন, "অধিকার প্রতিষ্ঠা করাটা এক অভূতপূর্ব অভিজ্ঞতা"। প্রতাপগড় বিধানসভা কেন্দ্রের আড়ালিয়ার ভোটার বিপাশ শর্মা বলেন, "দেশের একজন দায়ীত্ববান নাগরিক হিসেবে ভোটাধিকার প্রয়োগ করতে পেরে আমি আনন্দিত"। বড়জলা বিধানসভা কেন্দ্রে নতুন ভোটার মৌমিতা সাহা নতুন সরকার সবার প্রত্যাশা পূরণ করবে বলে আশা ব্যক্ত করেন। মৌমিতা বলেন,

#########Byte#########

নতুন ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে ভারতের নির্বাচন কমিশন বেশ কয়েকমাস আগে থেকেই নানা কর্মসূচী হাতে নিয়ে প্রচার চালিয়েছে। এবারের নির্বাচনে নতুন ভোটারদের ভোটমুখী করতে কমিশনের এই উদ্যোগ দারুণ প্রশংসিত হয়েছে। উল্লেখ্য

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে এবার নতুন ভোটারের সংখ্যা ৩৩ হাজারের বেশি ছিলেন।

*************************

**Vote-3 Assembly constituencies of south Tripura :**

দক্ষিণ জেলার তিনটি বিধানসভা আসন এলাকায় সমস্ত ভোট কেন্দ্রের শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ করা হয়। কিছু কিছু ভোটকেন্দ্রে নির্ধারিত সময়ের পরেও ভোটগ্রহণ করা হয়। সহকারী রিটার্নিং অফিসার অভেদানন্দ বৈদ্য জানিয়েছেন, আজ সন্ধ্যা সাড়ে ছয়টার পর থেকে ভোটকর্মীরা ভোট কেন্দ্রগুলি থেকে মহকুমা শাসকের অফিসে ফিরতে শুরু করেছেন। রাজনৈতিক দলগুলির কাছ থেকে ভোট গ্রহণ নিয়ে কোন অভিযোগ এখনও পর্যন্ত পাওয়া যায়নি।

*************************

**C.M-Reaction :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে আগরতলার মহারানী তুলসিবতী বালিকা বিদ্যালয়ে ভোটদান করেন। মুখ্যমন্ত্রী পত্নীও এই কেন্দ্রে ভোট দেন। সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, নির্বাচন মানেই গণতন্ত্রের সবচেয়ে বড় উৎসব। সারা বিশ্বের মধ্যে ভারতের নির্বাচন একটা অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। সবাই অপেক্ষায় থাকেন গণতন্ত্রের এই উৎসবে অংশগ্রহণের জন্য। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আরো বলেন, ২০২৩ সাল

থেকে রাজ্যে নির্বাচনী প্রক্রিয়া একটা গণতান্ত্রিক উৎসবে পরিণত হয়েছে। তিনি বলেন,

##########Byte##########

তিনি বলেন, এই রাজ্যে শান্তিপূর্ণভাবে ভোট দেবার রীতি রয়েছে। সেই রীতিকে মেনে এবারও উৎসবের মেজাজে সবাই ভোট দেন। অনেকেই ভোট দিতে পারেন নি বলে বিরোধীদের আনা অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, এই ধরনের কোন অভিযোগ থাকলে নির্বাচন কমিশন বিষয়গুলি গুরুত্ব দিয়ে দেখবে।

*****************************

**Elderly voters-Sonamura :**

জীবনে বহুবার ভোটদান করেছেন তারা। গণতন্ত্রকে শক্তিশালী করতে ও দেশে একটি মজবুত স্থিতিশীল সরকার গঠন করতে আজও তারা ভোটদানে পিছপা হন না। বয়স বেড়েছে, সঙ্গে পাল্লা দিয়ে শরীরে দেখা দিয়েছে বার্ধক্য জনিত নানান সমস্যা। তবু জীবন সায়াহ্নে এসেও তাদের আগের মতোই রয়েছে নিজেদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগের ক্ষেত্রে উৎসাহ - উদ্দীপনা। বয়স জনিত নিজেদের শারীরিক সমস্যাকে এক দিকে রেখে তাই তারা কেউ নাতির কোলে চেপে, আবার কেউ ছেলে বা অন্য আত্মীয়কে সঙ্গে নিয়ে ভোটকেন্দ্রে এসে ভোট প্রদান করেছেন। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ভোট গ্রহণ পর্বে সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার বক্সনগর বিধানসভা ক্ষেত্রের দুর্গাপুর ভিলেজ জে.বি স্কুল ভোটকেন্দ্রে এমনই চিত্র ধারা পড়েছে। ভোট দিতে আসা নুরুল ইসলাম, বিলকিসের

নেশার মতো প্রবীণ ভোটাররা জানিয়েছেন এই নির্বাচনে যারাই জয়ী হবেন তারা যেন দেশের উন্নয়নে কাজ করেন।

*****************************

**Tripura Election :**

কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক ধনপুর বিধানসভা কেন্দ্রে বড়নারায়ন স্কুলে ভোট দেন।

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী, সাংসদ বিপ্লব কুমার দেব আজ সকালে উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুলে ভোটাধিকার প্রয়োগ করেন।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ সকালে ভোট দেন উদয়পুর পুর পরিষদ অফিসের ভোটকেন্দ্রে।

বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য আজ বনমালীপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রামঠাকুর বালিকা বিদ্যালয় সংলগ্ন বন দপ্তরের কার্যালয়ে ভোট দেন। তিনি বলেন রাষ্ট্রের তথা দেশের সার্বিক উন্নতির দিকে নিয়ে যাওয়ার ধারাকে অব্যাহত রাখতে বিকশিত ভারত, বিকশিত ত্রিপুরা নির্মাণের পথকে আরোও সুগম করতে এই ভোট প্রদান।

**************************

**Dr. Bishal Kumar-Press meet :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার ডা: বিশাল কুমার আজ কিছুক্ষণ আগে সাংবাদিক সম্মেলনে জানান, ৩৩২টি ভোটকেন্দ্রে এখনো ভোট গ্রহণ চলছে। আর অধ ঘন্টার মধ্যে ভোট গ্রহণ শেষ হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি

জানা, কর্তব্যে অবহেলার দায়ে রামনগর বিধানসভা কেন্দ্রের দুই জন পোলিং অফিসারকে সাময়িক বরখাস্ত করা হয়ছে।

***************************

**Tripura Election :**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আগরতলার শিশুবিহার স্কুলের ভোট কেন্দ্রে ভোট দেন।

রামননগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদার আজ বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ে ভোটাধিকার প্রয়োগ করেন।

এদিকে, রামনগর বিধানসভা উপনির্বাচনে ইন্ডিয়া জোটের সিপিআইএম প্রার্থী রতন দাস আজ সকালে ভোট দান করেন।

বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল বড়দোয়ালি স্কুলে ভোট দেন।

তিপরা মথা দলের প্রধান প্রদ্যোৎ কিশোর দেববর্মন আজ সকালে মান্দাই বিধানসভা কেন্দ্রের অভিরাম স্কুলে ভোট দেন।

আজ তৃতীয় লিঙ্গের ভোটাররাও উৎসাহের সঙ্গে তারা ভোটদান করেন। আড়ালিয়ায় একটি ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগের পর তারা নির্বাচন কমিশনকে ধন্যবাদ জানান।

আজ বিভিন্ন বুথে আশাকর্মী এবং ছাত্রছাত্রীদের ভোটারদের সহযোগিতা করতে দেখা গেছে।

***************************

**Election-Gomoti :**

গোমতী জেলার চারটি বিধানসভা এলাকায় আজ শান্তিপূর্নভাবে ভোট গ্রহণ করা হয়। ভোটারদের দীর্ঘ লাইন থাকায় ভোট গ্রহনের নির্ধারিত শেষ সময়ে বিকেল ৫টার পরও বেশ কিছু ভোট কেন্দ্রে ভোটগ্রহণ করা হয়। এই কেন্দ্রগুলি হল বাগমা বিধানসভা কেন্দ্রে বাগমা সমতল পাড়া স্কুল, উদয়পুরের রাধাকিশোরপুর বিধানসভা কেন্দ্রের রাজারবাগ স্কুল ভোট কেন্দ্র। আজ সকালে ভোট গ্রহনের শুরুতেই বেশ কয়েকটি ভোটকেন্দ্রে ই.ভি.এম বিকল হয়ে পড়ে। এরপর নতুন ই.ভি.এমের ব্যবস্থা করে ভোটগ্রহণ কিছু দেরিতে শুরু হয়। গোমতী জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী অধিকারিক তড়িৎ কান্তি চাকমা জানিয়েছেন, ভোট গ্রহণকে কেন্দ্র করে কোন অভিযোগ নেই।

**********************

**Death :**

আমবাসা থানার অন্তর্গত কুলাই ঘন্টা ছড়া এলাকায় আজ সকালে দুই নাবালকের মৃতদেহ উদ্ধার হয়। স্থানীয়রা আমবাসা থানায় খবর দিলে ধলাই জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, আমবাসা মহকুমা পুলিশ আধিকারিক নিরুপম দত্ত সহ অন্যান্য উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌঁছোন। ঘটনাস্থলে আসে ডগ স্কোয়াড এবং ফরেনসিক টিম। জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী জানান মৃত দুই নাবালক হল, ১৬ বছর বয়সী জেমস মলসম এবং ১৭ বছর বয়সী বিকাশ রিয়াং। দুজনেরই বাড়ি স্থানীয় বৃন্দাজয় পাড়া এলাকায়। তিনি আরও বলেন, মৃত্যুর কারণ জানা যায়নি। এ বিষয়ে তদন্ত চলছে। কুলাই হাসপাতালে মৃতদেহদুটি ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

*****************************

**All Party Meeting :**

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে আজ কৈলাশহরে জেলাশাসকের সভাকক্ষে আজ সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, উপ-সমাহর্তা বিজয় সিনহা প্রমুখ। বৈঠকে আসন্ন লোকসভা নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। আজকের বৈঠকে বিজেপি, কংগ্রেস, তৃনমূল কংগ্রেস ও সিপিআই(এম) এর প্রতিনিধিরা অংশ নেন।

*******************************

**CM Election Campaign :**

পানিসাগরের বিবেকানন্দ মুক্ত মঞ্চে আজ বিজেপির এক নির্বাচনী সভায় অংশ নিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজেপি নেতা টিংকু রায়, বিনয় ভূষন দাস, যাদব লাল নাথ, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বনিক, দলের উত্তর জেলার সভাপতি কাজল দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস প্রমুখ।

********************************

**CM-Kailasahar :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে নির্বাচনের প্রচারের অঙ্গ হিসেবে আজ বি,জে,পি'র উদ্যোগে কৈলাশহরে এক রোড শো' অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন বরিষ্ঠ বি,জে,পি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। সঙ্গে ছিলেন, শ্রমমন্ত্রী টিংকু রায় সহ দলীয় কার্যকর্তারা।

পাইতুরবাজারস্থিত মোটরস্ট্যান্ড প্রাঙ্গন থেকে এই রেলি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*****************************

**I.N.D.I.A Bloc-Kailasahar :**

ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআই(এম) প্রার্থী রাজেন্দ্র রিয়াং আজ কৈলাশহরের কালীশাসন, রাঙরুঙ, গোলকপুর,নিশান চৌধুরী পাড়া এলাকায় ভোট প্রচার করেন। লোকসভা নির্বাচনে ইন্ডিয়া জোট গঠনের উদ্দেশ্য ও দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি তিনি ভোটারদের কাছে তুলে ধরে ভোট প্রার্থনা করেন।

প্রচার কর্মসূচিতে তাঁর সাথে ছিলেন, সিপিআই(এম) এর ঊনকোটি জেলা সম্পাদক কৃষ্ণেন্দু চৌধুরী। C.P.I(M) প্রার্থী রাজেন্দ্র রিয়াং সুষ্ঠু, অবাধ ও ভয়মুক্ত পরিবেশে নির্বাচনপর্ব সম্পন্ন করার দাবি জানিয়েছেন।

********************************

**Door to Door Campaign :**

B.J.P র উদ্যোগে আজ কৈলাশহরের সরোজিনী, হালাইরপাড় এলাকায় বাড়ি বাড়ি ভোটপ্রচার করা হয়। এই উপলক্ষে পদযাত্রা

হয়। উপস্থিত ছিলেন, BJP নেতা শ্যামল দাশ, সন্দীপ কুর্মি প্রমুখ।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন বাইশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************